দৈনিক
ইত্তেফাক

তারিখ . 22 .MAR..2015... ...
পৃষ্ঠা ...১৬... কলাম...২... .......

# নারায়ণ ডহর স্কুলের জরাজীর্ণ ঘর ভেঙ্গে পড়ার আশঙ্কা

■ নেত্রকোনা-প্রতিনিধি

পূর্বধলা নারায়ণ ডহর উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষের টিনসেড ঘরটি জরাজীর্ণ। যে কোনো সময় ভেঙে পড়তে পারে। স্কুল কর্তৃপক্ষ এটিকে পরিত্যক্ত ঘোষণা করলেও স্কুল ঘরটি নতুন করে নির্মাণের কোনো ব্যবস্থা নেয়া হয়নি। ফলে স্কুলের পাঠদান ব্যাহত হচ্ছে। ১৯৭০ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত। স্থানীয় সংসদ সদস্য ওয়ারেসাত হোসেন বেলালের (বীর প্রতীক) প্রচেষ্টায় বিদ্যালয়ের একটি পাকা অফিস ভবন নির্মাণ করা হয়। কিন্তু শ্রেণি কক্ষের জন্য পাকা ভবন না থাকায় আধাপাকা জীর্ণ ভবন এবং ভাঙ্গা টিনসেড ঘরেই পাঠদান করানো হচ্ছে। শিক্ষার্থীরা ঝুঁকি নিয়েই ক্লাস করছে।

সংসদ সদস্য ওয়ারেসাত হোসেন বেলাল বলেন, বিদ্যালয়ের টিনসেড ঘরটির স্থানে একটি পাকা ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে।